৩/১

দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ০২ সময়ঃ বেলা ২ টা

তাং - ০৪।০৭।২০১৫ স্থানঃ পৌরসভা সভা কক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(২) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৫) বিবিধ।

উপস্থিতিঃ

★ পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
★ উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | শ্রীমতী ফরিদা বিবি | (১৪) | শ্রী সুশান্ত রায় |
| (২) | মহঃ নজরুল ইসলাম | (১৫) | শ্রী কিশোর কুমার রায় |
| (৩) | মহঃ জুম্মান আলী | (১৬) | শ্রীমতী রাধারানী দত্ত |
| (৪) | শ্রীমতী মমতা রায় সেন | (১৭) | মহঃ আব্দুল মান্নান |
| (৫) | শ্রী অমিত রায় চৌধুরী | (১৮) | শ্রী প্রহ্লাদ কুমার দত্ত |
| (৬) | শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস | (১৯) | শ্রীমতী আত্রেয়ী গুহ |
| (৭) | শ্রী পঙ্কজ কান্তি চন্দ | (২০) | শ্রী শ্যামল দাশগুপ্ত |
| (৮) | শ্রীমতী মীরা দাস | (২১) | শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত |
| (৯) | শ্রী সনৎ বিশ্বাস | (২২) | শ্রীমতী দীপান্বিতা দত্ত |
| (১০) | শ্রী অরবিন্দ মিত্র | (২৩) | শ্রী প্রকাশ রাহা |
| (১১) | শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস | (২৪) | শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| (১২) | শ্রীমতী ষষ্ঠী বৈরাগী | (২৫) | শ্রীমতী সোমা মন্ডল |
| (১৩) | শ্রী আশীষ মল্লিক | (২৬) | শ্রী নিমাই চন্দ্র ঘোষ |

অন্যান্য উপস্থিতিঃ ★ শ্রী হিমাংশুপ্রভ রায় - নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী সনৎ বিশ্বাস প্রস্তাব দেন হাসপাতাল সহ পৌরসভায় যারা অস্থায়ী ভাবে কাজ করেন তাদের বেতন বৃদ্ধি করা হোক। এছাড়াও জীবনানন্দ ভবনে কর্মরত গীতা মল্লিক, বীরেশপল্লী স্বাস্থ্য প্রশাসনিক ভবনে কর্মরত তাপস চ্যাটার্জী সহ যাদের বেতন বৈষম্য আছে তাদের বেতন বৈষম্য দূর করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পৌরসভায় কর্মরত সাফাই কর্মচারী ও কর্মরত ড্রাইভারদের যাদের বেতন ২৩৩.০০ টাকা ও ২৮২.০০ টাকা ছিল তাদের Minimum wage rate নির্দেশিকা 1036/STAT/RW/108/568/2012/LCS/JLC, DATED 18/07/2014 অনুযায়ী 5.31% হারে দৈনিক পারিশ্রমিক বৃদ্ধি পাবে অর্থ্যাৎ যথাক্রমে ২৪৫.০০ টাকা ও ২৯৭.০০ টাকা করে হবে আগামী ১লা আগষ্ট ২০১৫ হতে। বাকীদের ক্ষেত্রে এই মুহূর্তে কোন ভাবনা নেই পরে বিষয়টা বিবেচনা করা হবে কিনা ভেবে দেখা হবে।বেতন বৈষম্যের ব্যাপারে বলেন খোঁজ নিয়ে দেখা হবে।

২২নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন ওয়ার্ডের BPL তালিকা পাইনি। BPL এ নাম আছে কিন্তু upgrade হয়েছে আবার এমনও অনেক আছেন যাদের BPL তালিকাভুক্ত হওয়া উচিত। এ ব্যাপারে মাননীয় পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন BPL তালিকা পৌরসভা করে না।SUDA প্রস্তুত করেছিল এবং পরবর্তী পর্যায়ে সরকারী স্তরে Socio Economic & Caste Survey হয়েছে। পঞ্চায়েতের ক্ষেত্রে list প্রকাশিত হয়েছে, শহরের ক্ষেত্রে হয়নি। যতদিন না তালিকা প্রকাশিত হবে ততদিন পুরনো তালিকা বহাল থাকবে।আরো বলেন Draft List প্রকাশিত হলে যাদের নাম ওঠেনি তারা আবেদন করতে পারবেন। আবার কারো নাম আছে অথচ থাকা উচিত নয় মনে হলে আপত্তিও করা যাবে।নির্বাহী আধিকারিক দায়িত্বে থাকবেন। তাঁর সাথে যোগাযোগ করতে হবে। পুরানো তালিকা দপ্তরের সাথে যোগাযোগ করে নিয়ে নেবেন।

১৩নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রী আশীষ মল্লিক বলেন এতদিন পৌরসভায় বিরোধী দলনেতার ঘর ছিল। এখন সেই ঘর নেই। বিরোধী দলনেতা কে বসার ঘর দেওয়ার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আমরা দেখেছি ঐ ঘরে বিরোধী দলনেতা কোনদিন বসেন না।Councillor দের ঘর বড় করা হয়েছে।জায়গা কম থাকার জন্য এবারে রাখা হয়নি। প্রস্তাব দিয়েছেন বিবেচনা করা হবে।

১৮ নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান যে সমস্ত কমিউনিটি হল এখনও শেষ হয়নি সেগুলি কবে শেষ হবে। আর যেগুলি শেষ হয়েছে সেইগুলি বিভিন্ন অনুষ্ঠানে ভাড়া দেওয়া যাবে কি ? Electric Bill এসেছে । কিভাবে payment করা হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন গত বোর্ডেই সিদ্ধান্ত ছিল ২৫০০.০০ টাকা করে ভাড়া নেওয়া হবে। উক্ত টাকা দিয়ে কমিউনিটি হলের বৈদ্যুতিক বিল সহ অন্যান্য রক্ষনাবেক্ষনের কাজ করতে হবে। তার আগে ওয়ার্ড কমিটি তৈরী করে ওয়ার্ড কমিটির নামে Bank এ একটা Account করতে হবে। সমস্ত হিসাব ওয়ার্ড কমিটিকে রাখতে হবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন কমিউনিটি হলভাড়ার Bill কেন্দ্রীয়ভাবে পৌরসভা স্তরে করা উচিত তাহলে হিসাব রাখতে সুবিধা হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পরিচালনা করবে ওয়ার্ড কমিটি । পৌরসভা কেন Bill বানাবে। পৌরসভা আয়ের সাথে যুক্ত নেই ফলে ব্যয়ের দায়িত্বে কেন থাকবে।

শ্রীমতী দীপান্বিতা দত্ত জানতে চান তাঁর ওয়ার্ডের কমিউনিটি হল কবে শেষ হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আপনার ওয়ার্ডে যেটা হচ্ছে তা কমিউনিটি হল হিসাবে তৈরী হচ্ছে না পুরসভা সেটা Marriage Hall হিসাবে নাগরিকদের ভাড়া দেবে।দায়িত্বে পৌরসভাই থাকবে।খুব শীঘ্রই কাজ শেষ করার চেষ্টা চলছে। তিনি আরো বলেন বেশ কয়েকজন কাউন্সিলর ত্রিপলের আবেদনে recommend করেছেন আবার কেউ কেউ নিজেই আবেদনকারীর হয়ে লিখেছেন। জানবেন ত্রিপল এভাবে দেওয়া যায় না। এগুলি বড় ধরনের বিপর্যয়ের জন্য গচ্ছিত থাকে।অল্প বৃষ্টিতে দেওয়ার মত সংখ্যা থাকে না।

শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন আমি লিখেছিলাম। তিনি বলেন রেললাইনের ধারের মানুষরা এসে বলে আমাদের ওখানে পৌরসভা কোন পরিষেবা দেয় না।তাহলে সামান্য একটা ত্রিপল কেন দেবেন না।আর আপনি তো দিচ্ছেন না, দিলে পৌরসভা দেবে।আপনি শুধু লিখে দিন। ফলে আমাকে ঐরকমভাবে লিখতে হয়েছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন রেললাইনের ধারে রাস্তা, ড্রেন, পানীয় জলের পাইপ লাইন বসাতে গেলে রেল অনুমতি দেয় না।আবেদন করেও অনুমতি পাওয়া যায় না।তা সত্ত্বেও চেষ্টা করা হয়ে থাকে। অনেক কাজ করা যায় না।তাদের কাছ থেকে পৌরসভা কর সংগ্রহ করতে পারে না।আগামী দিনে গীতাঞ্জলী আবাসন প্রকল্প আসার সম্ভাবনা আছে। সেখানেও জমি না থাকলে দেওয়া যাবে কিনা জানি না বলে জানান।

শ্রী সনৎ বিশ্বাস বলেন আপনার কাছে গেলেই ত্রিপল পাওয়া যায় বলে মানুষ বলছে।ফলে লিখতে হচ্ছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আমি যেমন পৌরপ্রধান তেমন আবার এলাকার বিধায়ক ।বিধায়ক কোটায় কিছু পাওয়া যায় সেগুলি বাড়ীতে থাকে। সেখান হতে কেউ পেতে পারেন।

শ্রীমতী অন্তরা মজুমদার যশোহর রোডের ধারের ভ্যাট টির জায়গা পরিবর্তন করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন দীর্ঘদিন ওখানে ভ্যাটটি আছে। এখন সমস্যা হবে কেন ।

(১) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা বলেন ইতিমধ্যে আপনারা একটা চিঠি পেয়েছেন যেখানে ওয়ার্ডে কোথায় কোথায় কতটা কাঁচা রাস্তা আছে তাহা জানার জন্য।আপনারা দ্রুত চিহ্নিতকরণ করে জানাবেন। আরো বলেন অনেকেই ব্যক্তিগত ভাবে কতকগুলি কাজের demand পাঠিয়েছেন। আমি Fileupকরেছি।ADP -র কাজে ঐ demand গুলি মিলিয়ে নেওয়া হবে। তিনি প্রস্তাব দেন জনসংখ্যার নিরিখে ওয়ার্ড উন্নয়নে বরাদ্দ নির্দ্ধারণ করা হবে।রাস্তা, ড্রেন ও পার্ক উন্নয়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন কাঁচা রাস্তার সাথে পানীয়জলের পাইপ যেখানে নেই তাহাও যুক্ত করা উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আলাদা করে জমা দেবেন।

শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত বলেন বর্তমান ৯নং ওয়ার্ডে অজয় গুহ ও মন্টু সেনের কারখানার সামনে এখনও কাদা আছে। গাড়ী নিয়ে ঢোকা যায় না।ঐ জায়গাটুকুতে রাস্তা হচ্ছে না কেন তাহা পৌরপ্রধানের নিকট জানতে চান।কেন ওখানকার নির্বাচিত কাউন্সিলর বিষয়টি দেখছেন না।

ঐ ওয়ার্ডের কাউন্সিলর শ্রী সনৎ বিশ্বাস বলেন ঐরকম অনেক জায়গা আছে। এখনও অগ্রাধিকারের মধ্যে আসেনি তাই করা হয় নি।

শ্রী অরবিন্দ মিত্র বলেন ওয়ার্ডের ADP র টাকায় কেন্দ্রীয়ভাবে করে দেওয়া হবে। শ্রী সনৎ বিশ্বাস ইচ্ছাকৃত ভাবে করছেন না বলে ক্ষোভ প্রকাশ করেন।

শ্রী সনৎ বিশ্বাস বলেন ঐভাবে করা যায় না।

শ্রী প্রকাশ রাহা বলেন সনৎ বাবু দীর্ঘদিনের কাউন্সিলর।এতদিন যা সময় পেয়েছেন তার মধ্যে করা উচিত ছিল। এবারে করার জন্য অনুরোধ করেন।

শ্রী সুশান্ত রায় বলেন বিপিনবিহারী রোড ১৩ ও ১৪ নং ওয়ার্ডের সীমানা। ১৪নং ওয়ার্ডে ড্রেন আছে। পরিষ্কার করা হয়। কিন্তু ১৩ নং ওয়ার্ডের সীমানার রাস্তা পরিষ্কার হলে ১৪নং ওয়ার্ডের সীমানায় হয় না। তিনি আশীষ মল্লিকের কাছে অনুরোধ করেন একই সাথে করার জন্য।

শ্রী আশীষ মল্লিক বলেন একই সাথে করা হবে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন service road খুব খারাপ। দ্রুত repair এর জন্য প্রস্তাব দেন।মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ২.৪৪ কোটি টাকা বরাদ্দ হয়েছে। বর্ষার পর পিচের কাজ শুরু হবে।

জুম্মান আলী বলেন ৭,৮,৯ নং ওয়ার্ডের জল ৩নং ওয়ার্ড ভাসিয়ে দিচ্ছে। দ্রুত ব্যবস্হা নেওয়া দরকার।

শ্রী সনৎ বিশ্বাস বলেন জুম্মান আলী সঠিক বলেছেন। বানীকন্ঠ খাল পরিষ্কার করা না হলে জল নামবে না।৭,৮,৯,২৫ নং ওয়ার্ডের জল ঐদিকে গিয়ে জমা হয়। তিনি প্রস্তাব দেন ২,৩,৭,৮,৯,২৫ এর কাউন্সিলরদের নিয়ে মাননীয় পৌরপ্রধান সরেজমিনে তদন্ত করুন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন 3.8 K.M. তো খালি নেই তা সত্ত্বেও CIC সদস্য শ্রী প্রকাশ রাহা, শ্রী নিমাই ঘোষ আপনাদের নিয়ে আলোচনা করে আমাকে জানাবেন।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান নোয়াই খাল পরিষ্কারের কোন পরিকল্পনা আছে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন CCI পরিষ্কার হচ্ছে। শেষ হলে upstream এর সংস্কার শুরু হবে।

সভায় দীর্ঘ আলোচনা শেষে জনসংখ্যার নিরিখে নিম্নলিখিত হারে অর্থ ওয়ার্ড পিছু বরাদ্দ নির্দ্ধারিত হল। ওয়ার্ড কমিটির সভায় দ্রুত সিদ্ধান্ত করে সকল কাউন্সিলরকে সংশ্লিষ্ট দপ্তরে scheme জমা দিতে হবে।

| ওয়ার্ড নং | জনসংখ্যা | রাস্তা(টাকা) | ড্রেন(টাকা) | পার্ক(টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|---|---|
| 1 | 8782 | 1391151 | 596208 | 50000 | 2037358 |
| 2 | 6261 | 981754 | 420752 | 50000 | 1452505 |
| 3 | 6258 | 981267 | 420543 | 50000 | 1451809 |
| 4 | 6402 | 1004651 | 430565 | 50000 | 1485216 |
| 5 | 9380 | 1488263 | 637827 | 50000 | 2176090 |
| 6 | 6568 | 1031609 | 442118 | 50000 | 1523727 |
| 7 | 9952 | 1581153 | 677637 | 50000 | 2308790 |
| 8 | 10761 | 1712530 | 733942 | 50000 | 2496472 |
| 9 | 5974 | 935146 | 400777 | 50000 | 1385923 |
| 10 | 6381 | 1001241 | 429103 | 50000 | 1480344 |
| 11 | 6039 | 945702 | 405301 | 50000 | 1401003 |
| 12 | 7926 | 1252141 | 536632 | 50000 | 1838773 |
| 13 | 8309 | 1314338 | 563288 | 50000 | 1927626 |
| 14 | 8590 | 1359971 | 582845 | 50000 | 1992816 |
| 15 | 5409 | 843393 | 361454 | 50000 | 1254848 |
| 16 | 6511 | 1022352 | 438151 | 50000 | 1510503 |
| 17 | 8409 | 1330578 | 570248 | 50000 | 1950825 |
| 18 | 6766 | 1063763 | 455898 | 50000 | 1569661 |
| 19 | 6156 | 964702 | 413444 | 50000 | 1428146 |
| 20 | 4516 | 698375 | 299303 | 50000 | 1047678 |
| 21 | 4056 | 623673 | 267289 | 50000 | 940962 |
| 22 | 6494 | 1019592 | 436968 | 50000 | 1506560 |
| 23 | 4393 | 678400 | 290743 | 50000 | 1019143 |
| 24 | 7191 | 1132781 | 485477 | 50000 | 1668258 |
| 25 | 7984 | 1261560 | 540669 | 50000 | 1852228 |
| 26 | 7657 | 1208457 | 517910 | 50000 | 1776367 |
| 27 | 6613 | 1038917 | 445250 | 50000 | 1534167 |
| 28 | 6389 | 1002540 | 429660 | 50000 | 1482200 |
| TOTAL | 196127 | 30870000 | 13230000 | 1400000 | 45500000 |

(২) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) জল সরবরাহ দপ্তরের রিপেয়ারিং মেইনটেন্যান্স বিষয়ে (২০১৫ - ২০১৬) তে ষান্মাষিক টেন্ডার (৬ মাস) Tender No. MM/WS/NIT/Main/455/2014 - 2015, dt. 09/03/2015 অনুমোদিত হলো।

(২) পৌরসভা এলাকার বেশ কিছু স্থানে জল সরবরাহে প্রচন্ড সমস্যা উদ্ভুত হওয়ায়, নিম্নলিখিত স্থানে তিনটি গভীর নলকূপ নির্মানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(ক) বিবেকানন্দ নগর শিশু উদ্যান , ওয়ার্ড নং ৬ (৩০০ X ২০০ মি.মি.)
(খ) ৩ নং শ্রীনগর PUMP এর নিকট , ওয়ার্ড নং - ৮ (৩০০ X ২০০ মি.মি.)
(গ) নজরুল ইসলাম সরনী, ওয়ার্ড নং - ২৫ (২০০ X ১০০ মি.মি.)

এই নির্মান বিষয়ে TENDER NO. MMWS/NIT/CHAIR//858/15-16, DT. 30.05.2015 অনুমোদিত হলো।

(৩) হস্তচালিত নলকূপের লেবার চার্জ বিষয়ক কোটেশন নোটিশ নং MM/WS/QUOT/1009/15-16, DT. 25/06/2015 অনুযায়ী গৃহীত সর্বনিম্ন দরপত্র অনুযায়ী ৫ই জুলাই ২০১৫ হতে কার্য্যকরী হবে। পুনরায় দরপত্র গ্রহন না করা পর্য্যন্ত ভবিষ্যতে এই দরপত্র কার্য্যকরী থাকবে।

(৪) (i)মধ্যমগ্রাম চৌমাথা থেকে শিশিরকুঞ্জ তৎসহ চৌমাথা থেকে দোলতলা,(ii) চৌমাথা থেকে কাঠোর, বাদু রোড, (iii) দোলতলা থেকে গ্রীনপার্ক ও দোলতলা থেকে বি টি রোড ভায়া পুরানো যশোর রোড এবং (iv) চৌমাথা থেকে সাঝিরহাট নোয়াই খাল অবধি street light এর বার্ষিক বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণের কাজ ৩০ শে জুন ২০১৫ তে শেষ হয়েছে, পরবর্তী বছরের জন্য যথাক্রমে নিম্নলিখিত Tender গুলি অনুমোদিত হল, যা ADP (2015 - 2016) Own Source Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) প্রথম ফেজের ৬টি ১৬ মিটার High Mast এর বার্ষিক রক্ষনাবেক্ষনের কাজ ৩০ শে জুন শেষ হয়েছে পরবর্তী বছরের বার্ষিক রক্ষনাবেক্ষনের কাজের জন্য Tender No. MM/EL/Chair/NIT/970/15-16, dt. 20.06.15 তে ৬০,০০০.০০ টাকা অনুমোদিত হল, যা ADP(2015 -2016) Own Source Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(i) MM/EL/Chair/NIT/972/1516, dt. 20.06.15, Estimated Amount : 160000.00
(ii) MM/EL/Chair/NIT/974/1516, dt. 20.06.15, Estimated Amount : 160000.00
(iii) MM/EL/Chair/NIT/973/1516, dt. 20.06.15, Estimated Amount : 275000.00
(iv) MM/EL/Chair/NIT/971/1516, dt. 20.06.15, Estimated Amount : 175000.00

(৬) পৌর এলাকায় প্রায় ১৫০০ টি CFL লাগানো আছে, বর্তমানে ঐ আলোগুলি রক্ষণাবেক্ষণের কাজে বিভিন্ন রকম অসুবিধা সৃষ্টি হওয়ার কারনে পরিবর্তন করে LED (25W) সেট লাগানোর সিদ্ধান্ত গৃহীত হল। আদেশনামা MM/EL/Chair/Sup. Order/1029/15-16, dt. 25/06/2015 তে তিনটি পর্যায়ে ৪০৮টি সেট প্রাথমিকভাবে পূর্বাকার অনুমোদিত মূল্যে ক্রয় বাবদ ১৪,৮৯,২০০.০০ টাকা ADP(2015 - 2016) Own Sources Fund থেকে দেওয়া হবে।

(৭) পৌরসভার পরিচালিত সারদা লেডিজ হোস্টেলের বৈদ্যুতিক বিল ও লিফট পরিষেবা বাবদ খরচ SJSRY দপ্তর মারফৎ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৮) জরুরীভিত্তিক পৌর পারিষদ , পৌরপ্রধান ও বোর্ড মিটিং ঘরে বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় ও লেবারের দ্বারা কাজ করার জন্য ১৩৬৪৮.০০ টাকা খরচ হয়েছে, তা অনুমোদিত হল।

(৯) পৌরসভার মধ্যস্থ আলো দপ্তর থেকে ২৭ রকমের বৈদ্যুতিক কাজ বিভিন্ন ওয়ার্ডে একাধিকবার করার প্রয়োজন হয়। ঐ কাজগুলি আগামী ১ বছরের জন্য বিভিন্ন এজেন্সির মাধ্যমে নির্দিষ্ট নূন্যতম মূল্যে করার লক্ষ্যে একটি Unit Rate Tender No. MM/EL/Chair/NIT/935/15-16, dt. 15/06/2015 করা হয়েছে, তা আজকের সভায় অনুমোদিত হল।

(৩) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) বর্ষার সময় হাইড্রেন পরিষ্কার করার জন্য প্রত্যেক ওয়ার্ডে ১০০ জন (একশত) করে শ্রমিক বরা করা হল। এছাড়াও বানীকন্ঠ খাল আলাদা ভাবে পরিষ্কার করা হবে। প্রয়োজন ভিত্তিতে কতকগুলি ড্রেনে JCB -র মাধ্যমে ও পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হল। এছাড়াও কাউন্সিলরদের আবেদন অনুযায়ী দপ্তরগত পর্যবেক্ষন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

(২) আগামী ১লা আগষ্ট, ২০১৫ হতে প্রত্যেক ওয়ার্ডে একজন করে বাড়ী বাড়ী হতে ময়লা সংগ্রহকারী শ্রমিক নিয়োগ করা হবে। কাউন্সিলর ফান্ডে যারা দীর্ঘদিন কাজ করছে তাদের মধ্যে seniority -র ভিত্তিতে কাউন্সিলরদের সুপারিশ করতে হবে।কাজে যোগদানের ছয়মাস পর হতে তাদেরকে EPF এর আওতা ভুক্ত করা হবে।

(৩) জঞ্জাল সাফাই কাজে প্রতিটি ওয়ার্ডের জন্য একটি করে Tri Cycle Paddle Van ক্রয় করা হবে। এছাড়াও ১০ নং ওয়ার্ডের জন্য একটি এবং ২৫ নং ওয়ার্ডের কাউন্সিলর তহবিল মাধ্যমে একটি Tri Cycle Paddle Van অর্থ্যাৎ মোট ৩০ টি Tri Cycle Paddle Van ক্রয় করা হবে। ২৯টি পৌরতহিল হতে এবং একটি ২৫নং ওয়ার্ডের কাউন্সিলর তহবিল মাধ্যমে ক্রয় করা হবে।

(৪) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ-

2164,2111,2183,2050,1646/1, 2207, 1867, 1942, 1911, 585, 228, 202, 242, 268, 301, 1856, 204, 199, 198, 274, 2200, 2204, 335, 294, 2151, 291, 205, 257, 259, 251, 2102, 1841, 253, 194

(৫)বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) ঈদ উৎসবের আগে সকল স্হায়ী মুসলিম কর্মচারীদের আবেদনের ভিত্তিতে সর্বাধিক ৪০০০.০০ টাকা অগ্রিম বাবদ দেওয়া হবে। আটটি ধারাবাহিক কিস্তিতে সকল কর্মচারী উক্ত অগ্রিম অর্থ পরিশোধ করতে বাধ্য থাকিবে।

(২) ঈদ উৎসবের আগে সকল স্হায়ী / অস্হায়ী মুসলিম কর্মচারীদের সরকারী নির্দেশনামা অনুযায়ী বোনাস অনুদান দেওয়া হবে।

(৩) West Bengal Municipal Finance & Accounts rule অনুযায়ী মাননীয় পৌরপ্রধানের অনুপস্হিতিতে মাননীয় উপপৌরপ্রধান সমস্ত রকম cheque এ স্বাক্ষর করবেন। এ ব্যাপারে সমস্ত ব্যাঙ্ক -এ নিয়মানুযায়ী চিঠি করা হবে।

(৪) মে ২০১৫ হতে নিম্নলিখিত হারে কাউন্সিলরদের মাসিক ভাতা নির্দ্ধারিত হল।

| | | |
|---|---|---|
| পৌরপ্রধান | - | ৮০০০.০০ টাকা |
| উপ পৌরপ্রধান | - | ৭৫০০.০০ টাকা |
| পৌরপ্রধান পারিষদ সদস্য | - | ৭০০০.০০ টাকা |
| কাউন্সিলর | - | ৬৫০০.০০ টাকা |

(৫) আবেদনের ভিত্তিতে ও স্হানীয় কাউন্সিলরদের মতামতের উপর আলোচনা করে নিম্নলিখিত আবেদনকারীদের নামে occupier tax করার সিদ্ধান্ত গৃহীত হল।

(ক) শ্রী সুভাষ দত্ত, বিধান মার্কেট , ওয়ার্ড নং - ৮,
জমির পরিমান - ১২০ বর্গফুট (দোকান ঘর)

(খ) শ্রী সুভাষ সাহা, বিধান মার্কেট , ওয়ার্ড নং - ৮,
জমির পরিমান - ৩০৬ বর্গফুট (দোকান ঘর)

(৬) পৌর আইনানুযায়ী প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হল। এ ব্যাপারে প্রত্যেক কাউন্সিলরকে ওয়ার্ড কমিটি গঠনের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা নিতে হবে। ওয়ার্ড কমিটির পূর্নাঙ্গ তালিকা প্রত্যেক কাউন্সিলরকে মাননীয় পৌরপ্রধানের নিকট জমা দিতে হবে।

(৭) BPL পরিবারভূক্ত ১৪ জন মৃত ব্যাক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে আবেদনপত্রগুলি জমা হয়েছে তা অনুমোদিত হলো এবং উক্ত আবেদনপত্রগুলি মাননীয় জেলাশাসক, উঃ ২৪ পরগনা এবং SUDA -র কাছে প্রয়োজনীয় ব্যবস্হা নেওয়ার ব্যাপারে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্হিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্য নির্বাহী আধিকারিক
মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগণা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্য নির্বাহী আধিকারিক
মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগণা

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগণা